'কর্মচারীই আমাদের শক্তি'

বি-৯৮৫

# বাংলাদেশ কৃষি ব্যাংক এমপ্লয়ীজ ইউনিয়ন (সিবিএ)

## কেন্দ্রীয় নির্বাহী কমিটি

(বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিক দলের অন্তর্ভুক্ত)

কৃষি ব্যাংক ভবন, ৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ। ফোন ঃ ৯৫৫৯৬২৭, পিএবিএক্স ঃ ৯৫৬০০৩১-৩৫/৪০০, ৫০০

## সভার কার্যবিবরণী

অদ্য ১৪.০৮.২০২৪ ইং তারিখ বুধবার বাংলাদেশ কৃষি ব্যাংক এমপ্লয়ীজ ইউনিয়ন সিবিএ বি-৯৮৫ কেন্দ্রীয় নির্বাহী কমিটির এক মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সম্মানিত সভাপতি জনাব ফয়েজ উদ্দিন আহমেদ। সভা পরিচালনা করেন সংগঠনের সাধারন সম্পাদক বিপ্লবী শ্রমিক নেতা জনাব মোঃ মিরাজ হোসেন। সভায় আলোচ্য সূচী অনুযায়ী সকল কেন্দ্রীয় নেতৃবৃন্দ বক্তব্য রাখেন সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াতে মাধ্যমে সভা আরম্ভ করা হয়।

সভায় সকলেই ৫ই আগষ্ট গণঅভ্যূত্থানের মধ্য দিয়ে বৈষ্যমের শিকার ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের ঐক্যবদ্ধভাবে জাতীয়তাবাদী শক্তিকে আরো শক্তিশালী করার উপর গুরুত্ব আরোপ করেন। ব্যাংকের আধিপত্যবাদ শক্তি তাদের অপতৎপরতার অংশ হিসাবেই ভূয়া সিবিএ গঠনের মাধ্যমে প্রশাসনের সাথে মিলেমিশে ভাগ বাটোয়ারার সিন্ডিকেট তৈরী করে ছিলেন। এই সংগঠনের অনেক কেন্দ্রীয় নেতা ও কর্মী সেই সিন্ডিকেটের রোষানলে পড়ে হয়রানীমূলক বদলী, বিনা বিচারে শাস্তিসহ মৃত্যুবরন পর্যন্ত করেছেন। সকলের আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ

০১. বিএনপি চেয়ারপার্সন গণমানুষের নেতা গনতন্ত্রের মা দেশনেত্রী বেগম খালেদা জিয়ার প্রায় সাড়ে ছয় বছর পর আওয়ামী রোষানলের শিকার আওয়ামী মাফিয়াদের কারাগার থেকে মুক্তি পাওয়ায় আল্লাহর দরবারে শুকরীয়া জ্ঞাপন করা হয়।

০২. সভায় কেন্দ্রীয় কমিটির সহ-সম্পাদক বরখাস্তকৃত জনাব নাজিম উদ্দিন সহ কোষাধ্যক্ষের চাকুরী পুনঃবহাল করার জোর দাবী জানানো হয়।

০৩. যে সকল কর্মকর্তা-কর্মচারী চাকুরীতে বৈষম্যের শিকার হয়েছেন তাদের সকল অভিযোগ দ্রুত নিস্পত্তির দাবী জানাানো হয়।

০৪. বৈষম্যের শিকার কর্মকর্তা-কর্মচারীদের আবেদন সমূহ নিস্পত্তির জন্য অবিলম্বে কমিটি গঠন করতে হবে এবং কমিটিতে সিবিএ প্রতিনিধি সংযুক্ত করতে হবে।

০৫. বিকেবি, এল.পি.ও তে রক্ষিত বাংলাদেশ কৃষি ব্যাংক এমপ্লয়ীজ ইউনিয়ন সিবিএ এর হিসাব নং-4001-0310146447. এ্যাকটিভ করার সিদ্ধান্ত গ্রহন করা হয়। হিসাবটি সংগঠনের সভাপতি জনাব ফয়েজ উদ্দিন আহমেদ, সাধারন সম্পাদক জনাব মোঃ মিরাজ হোসেন ও কোষাধ্যক্ষ জনাব মোঃ আসলাম এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। যে কোন দুইজনের স্বাক্ষরে হিসাব হতে টাকা উত্তোলন করা যাবে।

০৬. যে সকল কর্মকর্তা-কর্মচারী ব্যাংকে নিপিড়ন ও দূর্নীতির সাথে জড়িত তাদের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নেয়ার জোড় দাবী জানানো হয়। অন্যথায় তাদের শাস্তির দাবীতে নিপিড়ন বিরোধী আন্দোলন গড়ে তোলার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংগঠনের সভাপতি সকলকে সংগ্রামী সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভা সমাপ্তি ঘোষনা করেন।

(ফয়েজ উদ্দিন আহমেদ)
সভাপতি
কেন্দ্রীয় নির্বাহী কমিটি

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরন করা হলোঃ

০১. মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. সভাপতি/সাধারন সম্পদক, জাতীয়তাবাদী শ্রমিক দল, কেন্দ্রীয় নির্বাহী কমিটি, ঢাকা।
০৪. সংশ্লিষ্ট দপ্তর সমূহ।
০৫. অফিস নথি।

১৪/০৮/২৪

(মোঃ মিরাজ হোসেন)
সাধারণ সম্পাদক
কেন্দ্রীয় নির্বাহী কমিটি